

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
 ত্রাণ প্রশাসন শাখা  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

নং-৫১.০০.০০০০.৪১০.১৮.১৮.১৫-৩৭

তারিখঃ ২৪-০১-২০১৭ খ্রিঃ

প্রেরকঃ মোঃ নূরুল ইসলাম  
 সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)

প্রাপকঃ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা  
 পঞ্চগড়।

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরধীন পঞ্চগড় সদর উপজেলার প্রাক্তন প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মরহুম ইউনুছ আলী-এর পারিবারিক এককালীন আনুতোষিক ও মাসিক অবসরভাতা মঞ্জুরি সংক্রান্ত।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরধীন পঞ্চগড় সদর উপজেলার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব ইউনুছ আলী চাকরির অবস্থায় গত ১৩-০৮-২০১৫ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। তাঁর পারিবারিক আনুতোষিক ও মাসিক অবসরভাতা নির্ধারিত পেনশন ফরমে (ফরম-২.২) যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন করেছে।

২। মরহুম মোঃ ইউনুছ আলী-এর চাকরিকাল ২৫ বছরের অধিক হওয়ায় তিনি ৯০% হারে আনুতোষিক ও মাসিক অবসরভাতা প্রাপ্য। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পঞ্চগড় কর্তৃক প্রদত্ত শেষ বেতনের প্রত্যয়নপত্র অনুযায়ী তাঁর মূলবেতন ৩৮,৮৯০/- টাকা নির্ধারণ করা হয়েছে। উক্ত টাকার ৯০% হিসেবে অবসর ভাতা ৩৫,০০১/- টাকার ১ম অর্ধাংশ ১৭,৫০০.৫০ টাকার প্রতি টাকার বিনিময়ে ২৩০/- টাকা হারে (১৭,৫০০.৫০ × ২৩০) = ৪০,২৫,১১৫/- টাকা এবং ২য় অর্ধাংশ ১৭,৫০০.৫০ টাকা মাসিক অবসর ভাতা প্রাপ্য।

৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (আয়ন-ব্যয়ন কর্মকর্তা), পঞ্চগড় সদর মঞ্জুরিকৃত পারিবারিক আনুতোষিক উত্তোলনপূর্বক মরহুমের উত্তরাধিকারীদের মধ্যে বিধি মোতাবেক বিতরণ করবেন।

৪। তাঁর পরিবারের অনুকূলে মঞ্জুরিকৃত অর্থ বিধি মোতাবেক পরিশোধ আদেশ (পিপিও) জারী করার জন্য নিম্নের কাগজপত্র এতৎসঙ্গে প্রেরণ করা হলঃ


১	পারিবারিক পেনশন ফরম ২.২ (ছবিসহ)	০১ (এক) সেট
২	শোক সংবাদ-এর কপি	০১ (এক) পাতা
৩	জাতীয় পরিচয়পত্র	০১ (এক) পাতা
৪	অঙ্গীকারনামা	০১ (এক) পাতা
৫	এসএসসি সনদপত্রের কপি	০১ (এক) পাতা
৬	শেষ বেতনের প্রত্যয়নপত্র	০১ (এক) পাতা
৭	না-দাবি প্রত্যয়নপত্র	০১ (এক) পাতা
৮	বৈবাহিক সনদপত্র	০১ (এক) পাতা
৯	ওয়ারিশান সার্টিফিকেট	০১ (এক) পাতা
১০	মৃত্যুর প্রমাণ/ সনদপত্র	০২ (দুই) পাতা
১১	ক্ষমতা অর্পণ ও অভিযাবক মনোনয়ন প্রত্যয়নপত্র	০১ (এক) পাতা
১২	নমুনা স্বাক্ষর	০১ (এক) পাতা
১৩	পাঁচ আংগুলের ছাপ	০১ (এক) পাতা
১৪	বৃদ্ধাংগুলির ছাপ	০১ (এক) পাতা
১৫	নিয়োগপত্রের কপি	০২ (দুই) পাতা
১৬	বিভিন্ন কর্মস্থলের বিবরণী	০১ (এক) পাতা
১৭	চাকরি বিবরণী	০৩ (তিন) পাতা
১৮	শেষ বেতনের প্রত্যয়নপত্র	০৬ (ছয়) পাতা

অঃপঃদ্রঃ/২

৫। পিপিও জারীপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্মও অনুরোধ করা হল।

৬। ভবিষ্যতে কোন সরকারি পাওনার দাবী উত্থাপিত হলে তার পারিবারিক পেনশনভোগী বিধি মোতাবেক তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

আপনার বিশ্বস্ত,



( মোঃ নূরুল ইসলাম )

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)


ফোনঃ ৯৫৪৫৮১৮।

নং-৫১.০০.০০০০.৪১০.১৮.১৮.১৫-৩৭/১(৭)

তারিখঃ ২৪-০১-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা (এতে তাঁর ১৩-১১-২০১৬ খ্রিঃ তারিখের ৫১.০১.০০০০.০০৩.১৮.১৪৫.১০-১০০৯ নং স্মারকের যোগসূত্র রয়েছে)।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
- ৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, পঞ্চগড়।
- ৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (আয়ন-বায়ন কর্মকর্তা), পঞ্চগড় সদর, পঞ্চগড়।
- ৭। মোছাঃ নাছরীন জাহান, স্বামী মরহুম ইউনুছ আলী, প্রকল্প উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পঞ্চগড় সদর, পঞ্চগড় (স্থায়ী ঠিকানাঃ চিরির বন্দর, বটতলী, লালুপাড়া, দিনাজপুর)।



( মোঃ নূরুল ইসলাম )

সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।